



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/25/2021

গভর্নর ক্যাথি হোচুল

গভর্নর হোকল এক্সিকিউটিভ চেম্বার এবং সম্পূর্ণ স্টেট সরকারের জন্য হয়রানি-বিরোধী এবং বৈষম্য-বিরোধী উদ্যোগ নেওয়ার কথা ঘোষণা করেছেন

একটি ভিডিও বার্তায় গভর্নর হোকল, স্টেটের সকল কর্মীদের একটি বেআইনি বৈষম্য এবং হয়রানি মুক্ত কর্ম পরিবেশ পাওয়ার তাদের অধিকারের কথা মনে করিয়ে দেন

এক্সিকিউটিভ চেম্বার যেকোনো বেআইনি বৈষম্য এবং হয়রানির তদন্তে একটি স্বতন্ত্র ফার্মকে নিয়োগ দেবে এবং নতুন মানব সম্পদ বিভাগ তৈরি করবে

গভর্নর হোকল দায়িত্ব নেওয়ার পর থেকে প্রায় 200 চেম্বার কর্মী বাধ্যতামূলক নৈতিকতা প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন

গভর্নর ক্যাথি হোকল আজকে স্টেট সরকারে এবং এক্সিকিউটিভ চেম্বারে এক নতুন যুগের সূচনার লক্ষ্য নিয়ে নতুন উদ্যোগের ঘোষণা দিয়েছেন। স্টেটের কর্মীদের কাছে পাঠানো **একটি ভিডিও বার্তায়**, গভর্নর হোকল একটি বুলিয়িং এবং বৈষম্য মুক্ত কর্ম পরিবেশ তৈরিতে তার প্রতিশ্রুতি পুনরায় ব্যক্ত করেন, এবং কর্মীদের বেআইনি হয়রানি বা বৈষম্যের বিরুদ্ধে কিভাবে অভিযোগ দাখিল করতে হবে সে সম্পর্কে অবহিত করেন। গভর্নর হোকল এক্সিকিউটিভ চেম্বারে একটি নিরাপদ, সম্মানজনক কর্ম পরিবেশ তৈরির জন্য নতুন উদ্যোগের কথাও ঘোষণা করেন, যার মধ্যে রয়েছে কর্মক্ষেত্রে বৈষম্য বা হয়রানির সকল অভিযোগ তদন্তে একটি স্বতন্ত্র ফার্মকে নিয়োগ প্রদান, চেম্বারের সকল কর্মীদের জন্য সশরীরে প্রশিক্ষণ গ্রহণ বাধ্যতামূলক করা, এবং এক্সিকিউটিভ চেম্বারের ভেতর একটি নতুন মানব সম্পদ বিভাগ তৈরি করা।

"আমি দায়িত্ব নেওয়ার পর থেকে, আমি অ্যালবানির রাজনীতি সংস্কৃতির আমূল পরিবর্তনকে প্রাধান্য দিয়েছি এবং একটি সম্মানজনক, এবং সহযোগিতাপূর্ণ পরিবেশকে উৎসাহ দিয়েছি, যখন আমরা নিউ ইয়র্কের জনগণের সেবা করছি," **গভর্নর হোকল বলেন।** "বেআইনি বৈষম্য এবং হয়রানি মুক্ত কর্ম পরিবেশ পাওয়ার অধিকার সবার রয়েছে। আমরা এক্সিকিউটিভ চেম্বারে এবং স্টেট সরকার জুড়ে যে নতুন পদক্ষেপ বাস্তবায়ন করছি তা নিউ ইয়র্কবাসীরা সর্বোচ্চ পর্যায়ের সরকারি কর্মীদের কাছে থেকে যেন তাদের প্রাপ্য নেতৃত্ব পায় তা নিশ্চিত করার জন্য একটি প্রধান পদক্ষেপ।"

একটি ভিডিও বার্তা এবং সকল নিউ ইয়র্ক স্টেট কর্মীদের কাছে পাঠানো একটি চিঠিতে, গভর্নর হোকল ঘোষণা করেন যে নিউ ইয়র্ক স্টেট সকল সরকারি কর্মীদের জন্য একটি নতুন সরাসরি

প্রশিক্ষণ কার্যক্রম চালু করবে যা কর্মীদের বেআইনি বৈষম্য এবং হয়রানি থেকে রক্ষা করার জন্য যেসব আইন রয়েছে সেগুলি সম্পর্কে আলোচনা করবে। গভর্নর হোকল স্টেটের কর্মীদের গভর্নরস অফিস অফ এমপ্লয়ি রিলেশন্স (Governor's Office of Employee Relations, GOER) এর সাথে কিভাবে অভিযোগ দাখিল করতে হবে সে সম্পর্কে স্মরণ করিয়ে দেন এবং প্রতিশোধ গ্রহণের প্রতি স্টেটের জিরো টোলারেন্স পলিসি পুনর্ব্যক্ত করেন।

সকল স্টেট কর্মীকে পাঠানো গভর্নর হোকলের বার্তা দেখতে [এখানে](#) ক্লিক করুন।

গভর্নর হোকল তার প্রশাসনকে ক্যালক্যাগ্নি কানেফস্কি, এলএলপি, একটি স্বতন্ত্র, বাহ্যিক ফার্মকে নিয়োগ দেওয়ার নির্দেশ দিয়েছেন যা এক্সিকিউটিভ চেম্বারে বেআইনি বৈষম্য, হয়রানি এবং প্রতিশোধের সকল অভিযোগ তদন্ত করবে। ক্যালক্যাগ্নি কানেফস্কি, এলএলপি, এক্সিকিউটিভ চেম্বারের কোনরূপ হস্তক্ষেপ ব্যতীত তাদের তদন্তের সকল ফলাফল কাউন্সেলের অফিস বরাবর জানাবে, এবং উপযুক্ত শাস্তি এবং সংশোধনমূলক পদক্ষেপ সুপারিশ করবে। এই ঘোষণার অংশ হিসাবে, সকল চেম্বার কর্মীকে অভিযোগ দাখিল করার সহজ, গোপনীয় পদ্ধতি সম্পর্কে অবগত করতে উৎস প্রদান করা হয়েছে।

হয়রানি এবং বৈষম্য মোকাবেলায় বাড়তি পদক্ষেপের মধ্যে রয়েছে সকল চেম্বার কর্মীদের জন্য বাধ্যতামূলক সশরীরে প্রশিক্ষণ এবং পাশাপাশি একটি এক্সিকিউটিভ চেম্বারের ভেতর একটি নতুন মানব সম্পদ বিভাগ তৈরি করা। আগস্ট মাসে গভর্নর হোকল দায়িত্ব নেওয়ার পর থেকে প্রায় 200 জন চেম্বার কর্মী - নতুন নিয়োগ এবং পুরনো কর্মী সহ - নৈতিকতা প্রশিক্ষণ লাভ করেছেন যার মধ্যে ছিল অর্থনৈতিক বিবরণ প্রকাশ, আচরণের মান, সরকারি কর্মচারী আইন (Public Officers Law), JCOPE এবং আরও অনেক কিছু।

তার প্রশাসনের প্রথম দিন থেকে, গভর্নর হোকল নৈতিকতা, স্বচ্ছতা, এবং স্টেট সরকারের সংস্কৃতি পরিবর্তনকে প্রাধান্য দিয়েছেন। এর মধ্যে রয়েছে বিরাট কর্মী পরিবর্তন যার মধ্যে রয়েছে একজন নতুন ইনস্পেকটর জেনারেল নিয়োগ, স্টেট এজেন্সিগুলিতে বিতর্কিত "বিশেষ কাউন্সেল" উদ্যোগ বন্ধ করা, এবং অ্যাটর্নি জেনারেলের রিপোর্টে যাদের নাম উল্লেখ করা হয়েছে সেই সব চেম্বার কর্মী প্রতিস্থাপন। গভর্নর হোকল সকল এজেন্সির প্রধানদের স্বচ্ছতা পরিকল্পনা জমা দিতে নির্দেশ দিয়েছেন, এক্সিকিউটিভ চেম্বারে FOIL এর ব্যাকলগ কমানোর পদক্ষেপ নিয়েছেন, এবং JCOPE কিভাবে ওভারহল করা যায় সে সম্পর্কে স্টেকহোল্ডারদের সাথে আলোচনা শুরু করেছেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418